

এই যে হেরি গো দেবী আমারি !  
সব কবিতাময় জগত-চরাচর,  
সব শোভাময় নেহারি ।  
ছন্দে উঠিছে চন্দ্রমা, ছন্দে কনক-রবি উদিছে,  
ছন্দে জগ-মণ্ডল চলিছে,  
জ্বলন্ত কবিতা তারকা সবে;  
এ কবিতার মাঝারে তুমি কে গো দেবী,  
আলোকে আলো আঁধারি ।  
আজি মলয় আকুল,বনে বনে এ কী গীত গাহিছে,  
ফুল কহিছে প্রাণের কাহিনী,  
নব রাগ-রাগিনী উছাসিছে,  
এ আনন্দে আজ গীত গাহে মোর হৃদয় সব অবারি ।  
তুমিই কি দেবী ভারতী,কৃপাগুণে অন্ধ আঁখি ফুটালে,  
উষা আনিলে প্রাণের আঁধারে,  
প্রকৃতির রাগিনী শিখাইলে !  
তুমি ধন্য গো,  
রব চিরকাল চরণ ধরি তোমারি ।

---

Parjaay: Balmiki-Pratibha, Taal: Tritaal-Dadra, Raag: Bahaar  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail